প্রশ্নঃ ২৩৪. ইবনে আরাবি রহ সম্পর্কে জানতে চাই।

## [illegible] ([illegible]:)-

তাঁর নাম ও উপাধি এবং পরিচিতিঃ মুহাম্মদ ইবনে আলী ইবনে মুহাম্মদ ইবনে আল-আরাবী আবু বকর মহিউদ্দিন আল-হাতিমী আল-তাই আল-আন্দালুসী আল-মুর্সী আল দামেস্কি।

তার নাম মুহাম্মদ, বাবা আলী ও দাদা মুহাম্মদ। তিনি আরব বংশীয় ছিলেন বলে আল-আরাবী বলে পরিচিত। দীন ইসলামের নবজীবন দান করেছেন বলে তিনি মহিউদ্দিন বলে আখ্যায়িত হন।

ইয়ামেনের মহান দানবীর হাতেমতাই তার পূর্ব পুরুষ ছিলেন বলে তাকে আল-হাতেমী আল-তাই ডাকা হতো। তাঁর জন্ম হয় আন্দালুসিয়া তথা বর্তমান স্পেনের মুর্সিয়া নগরীতে এবং ওফাত লাভ হয় সিরিয়ার দামেস্কে। এ কারণেই তিনি আল-আন্দালুসি, আল-মুর্সী এবং&আল-দামেস্কি। দামেস্ক শহরের উত্তরাংশে সালেহিয়া নামক স্থানে তার মাজার অবস্থিত, যা হাজার হাজার ভক্ত, আশেক, গবেষক ও আধ্যাত্মিক পন্ডিতের জিয়ারত গাহে পরিণত রয়েছে। তিনি ৫৬০ হিজরিতে (১১৬৪ খ্রি.) জন্মগ্রহণ করেন এবং প্রায় ছিয়াত্তর বছর জীবন ধারণের পর ৬৩৮ হিজরিতে (১২৪০ খ্রি.) এ নশ্বর জাহান থেকে বিদায় নেন।

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: